

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৬৩

পরিচ্ছেদঃ কোন মুসলিমকে আতংকিত করা কোন মুসলিমের জন্য জায়েয নয়।

باب ما جاء لا يحل لمسلم أن يروع مسلما

আরবী

حَدَّثَنَا بُنْدَارٌ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا ابْنُ أَبِي ذِنْبٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ السَّائِبِ بْنِ يَزِيدَ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ يَأْخُذْ أَحَدُكُمْ عَصَا أَخِيهِ فَلْيَرُدَّهَا إِلَيْهِ ". قَالَ أَبُو عِيسَى وَفِي عَصَا أَخِيهِ فَلْيَرُدَّهَا إِلَيْهِ ". قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَسُلَيْمَانَ بْنِ صُرُدَ وَجَعْدَةَ وَأَبِي هُرَيْرَةَ . وَهَذَا حَدِيثُ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ ابْنِ أَبِي ذِنْب . وَالسَّائِبُ بْنُ يَزِيدَ لَهُ صُحْبَةٌ قَدْ سَمِعَ مِنَ النَّبِيِّ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ ابْنِ أَبِي ذِنْب . وَالسَّائِبُ بْنُ يَزِيدَ لَهُ صُحْبَةٌ قَدْ سَمِعَ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُوَ ابْنُ صلى الله عليه وسلم وَهُو ابْنُ سَبْعِ سِنِينَ وَوَالِدُهُ يَزِيدُ بْنُ السَّائِبِ لَهُ أَحَادِيثُ هُوَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُو ابْنُ وسلم وقَدْ رَوَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَقَدْ رَوَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وقَدْ رَوَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالسَّائِبُ بْنُ يُزِيدَ هُو ابْنُ أَخْتِ نَمِرٍ

বাংলা

২১৬৩. বুন্দার (রহঃ) আবদুল্লাহ ইবন সাইব ইবন ইয়াযীদ তার পিতা তার পিতামহ ইয়াযীদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কৌতুক ভাবেই হোক বা সত্যিকার অর্থেই হোক কোন অবস্থাতেই তোমাদের কেউ তার ভায়ের লাঠিতে হাত দিবে না। কেউ যদি তার ভাইয়ের লাঠি নেয় তবে সে যেন তাকে অবশ্যই ফিরিয়ে দেয়। -সহিহ লিগাইরিহি, সহিহা ৯২১, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৬০ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে ইবন উমার, সুলায়মান ইবন সুরাদ, জা'দা এবং আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। হাদীসটি হাসান-গারীব। ইবন আবৃ যি'ব (রহঃ)-এর সূত্র ছাড়া এটি সম্পর্কে আমারা জানি না। সাইব ইবন ইয়াযীদ রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সংসর্গ পেয়েছেন। শৈশবস্থায় তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কথা শুনেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যখন ইন্তিকাল হয় তখন সাইব এর বয়স ছিল সাত বছর। তাঁর পিতা ইয়াযীদ ইবন সাইব রাদিয়াল্লাহু আনহুও সাহাবী ছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে তিনি কিছু হাদীসও বর্ণনা করেছেন। সাইব ইবন ইয়াযীদ নামির-এর বোনের



ছেলে।

English

'Abdullah bin As-Sa'ib bin Yazid narrated from his father, from his grandfather who said:

"The Messenger of Allah (s.a.w) said: 'Let one of you not take his brother's staff, neither in play nor seriousness. Whoever took his brother's staff, then let him return it to him."'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সাইব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন